

# ধানের বাকানি রোগ ও তার প্রতিকার

ধানের বাকানি একটি ছত্রাক জনিত রোগ। বাকানি রোগের লক্ষণ বীজতলা ও ধানের জমিতে কুশি অবস্থায় পরিলক্ষিত হয়। আক্রান্ত চারা বা গাছ লম্বা হয়ে যায় এবং কখনো কখনো সুস্থ গাছের চেয়ে দ্বিগুণ লম্বা হয়ে যায়।

এই গাছগুলো লিকলিকে হয় এবং ফ্যাকাশে সবুজ রঙ ধারণ করে। আক্রান্ত গাছ বেঁচে থাকলেও শেষ পর্যন্ত ছড়ায় ধান চিটা হয়ে যায়। কান্ডের গোড়ায় ১ম, ২য় ও ৩য় গিট বা পর্ব সন্ধিতে অস্থানীক শিকড় গজায়।




চিত্রঃ বাকানী আক্রান্ত ধানের জমি

বাকানি রোগটি সাধারণত বীজের মাধ্যমে ছড়ায়। মাটি ও ফসলের পরিত্যক্ত অংশেও রোগজীবাণু বেঁচে থাকে। মাঠে বীজ অঙ্কুরিত হওয়ার সময় ছত্রাক স্পোর বীজকে আক্রমণ করে। ফলে চারা গাছে বাকানির লক্ষণ দেখা দেয়। মাটিতে অধিক মাত্রায় ইউরিয়া সারের প্রয়োগ বাকানি রোগের দ্রুত বিস্তৃতি ঘটতে পারে।

## রোগ দমনে করণীয়

- ✓ আক্রান্ত কুশি তুলে ফেলা।
- ✓ পরবর্তী মৌসুমের জন্য রোগাক্রান্ত জমি হতে বীজ সংগ্রহ না করা।
- ✓ তবে বিশেষ কোন কোন ক্ষেত্রে আক্রান্ত জমির বীজ ব্যবহার করলে উক্ত বীজ অথবা বীজ হতে উৎপাদিত চারা ব্যাভিস্টিন /নোইন/ কার্বেন্ডাজিম গ্রুপের যেকোন ছত্রাকনাশক দ্বারা শোধন করে (১ লিটার পানিতে ৩ গ্রাম ছত্রাকনাশক মিশিয়ে তাতে ধানের বীজ অথবা চারা ১০-১২ ঘন্টা শোধন করা) মাঠে রোপন করলে এই রোগটি সফল ভাবে দমন করা সম্ভব।

  
22.3.2017

ড. মোঃ আব্দুল জতিফ  
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান  
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ  
প্রি, গাজীপুর-১৭০১।

  
22.3.2017  
Dr. Md. Ansar Ali  
Director (Research) Current Charge  
Bangladesh Rice Research Institute  
Gazipur-1701